# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩১০

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৬. তাশাহ্হুদের সাথে নবী (ﷺ) এর প্রতি দরূদ পাঠ আবশ্যক এবং প্রাসংগিক বিভিন্নরূপ হাদীস

بَابُ ذِكْرِ وُجُوبِ الصَّلَاةِ عَلَى النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فِي التَّشَهُّدِ وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِي ذَلِكَ

---

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا أَبُو الْأَزْهَرِ أَحْمَدُ بْنُ الْأَزْهَرِ ، ثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ ، ثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ قَالَ ، وَحَدَّثَنِي فِي الصَّلَاةِ عَلَى رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ إِذَا الْمَرْءُ الْمُسْلِمُ صَلَّى عَلَيْهِ فِي صَلَاتِهِ مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ الْحَارِثِ التَّيْمِيُّ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدِ بْنِ عَبْدِ رَبِّهِ الْأَنْصَارِيِّ أَخِي بَلْحَارِثِ بْنِ الْخَزْرَجِ عَنْ أَبِي مَسْعُودٍ الْأَنْصَارِيِّ عُقْبَةَ بْنِ عَمْرٍو قَالَ أَقْبَلَ رَجُلٌ حَتَّى جَلَسَ بَيْنَ يَدَيْ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَنَحْنُ عِنْدَهُ فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، أَمَّا السَّلَامُ عَلَيْكَ فَقَدْ عَرَفْنَاهُ فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ إِذَا نَحْنُ صَلَّيْنَا فِي صَلَاتِنَا قَالَ : فَصَمَتَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ حَتَّى أَحْبَبْنَا أَنَّ الرَّجُلَ لَمْ يَسْأَلْهُ ثُمَّ قَالَ : " إِذَا صَلَّيْتُمْ عَلَيَّ فَقُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ النَّبِيِّ الْأُمِّيِّ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ " . هَذَا إِسْنَادٌ حَسَنٌ مُتَّصِلٌ

বাংলা

১৩১০(২). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবু মাসউদ উকবা ইবনে আমের আল-আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি এসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে বসলেন। আমরা তাঁর নিকটেই ছিলাম। তিনি বললেন, ইয়া রাসূলাল্লাহ! আপনার প্রতি সালাম দেয়ার নিয়ম তো আমরা জ্ঞাত হয়েছি। যখন আমরা আমাদের নামায পড়বো তখন আপনার উপর কিভাবে সালাত (দরূদ) পড়বো? তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নীরব থাকলেন। এমনকি আমাদের আকাঙ্ক্ষা হলো যে, লোকটি যদি তাকে জিজ্ঞেস না করতেন! অতঃপর তিনি বলেন, যখন তোমরা আমার উপর সালাত (দরূদ) পাঠ করবে তখন

বলবে, “আল্লাহুম্মা সল্লে আলা ... ইন্নাকা হামীদুম মাজীদ”। (হে আল্লাহ! তুমি উম্মী নবী মুহাম্মাদের উপর রহমত বর্ষণ করো এবং মুহাম্মাদের পরিবারের উপরও রহমত বর্ষণ করো, যেমন তুমি রহমত বর্ষণ করেছ ইবরাহীমের উপর এবং ইবরাহীমের পরিবারের উপর। আর তুমি উম্মী নবী মুহাম্মাদের উপর এবং তাঁর পরিবারের উপর প্রাচুর্য বর্ষণ করো, যেমন তুমি ইবরাহীমের উপর এবং তার পরিবারের উপর প্রাচুর্য বর্ষণ করেছ। নিশ্চয়ই তুমি প্রশংসিত, মহিমান্বিত।

এই সনদ হাসান (উত্তম) ও মুত্তাসিল (অবিচ্ছিন্ন)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81099

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন